# Times Today BD

এসকে সোহেল | খুলনা | 26 May, 2025

বাগেরহাট শহরের সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের পাশে দীর্ঘদিন ধরে গৃহস্থলীর ময়লা সংগ্রহ করে স্তুপ করে রাখেন পরিচ্ছন্নতাকর্মীরা।যার ফলে চরম দুর্গন্ধ ও স্বাস্থ্যঝুঁকির মধ্যে পড়েছে শিক্ষার্থী ও এলাকাবাসী পরিচ্ছন্নতাকর্মীদের রাখা এই ময়লার স্তুপ বা প্রাথমিক ডাম্পিং স্টেশন সরাতে বিভিন্ন সময় স্থানীয় বাসিন্দা ও শিক্ষার্থীরা আবেদন করলেও, কোন সুরাহা হয়নি। এবার ময়লার স্তুপ সরাতে পৌরসভার সচিব ও জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি দিয়েছেন কোমলমতি শিক্ষার্থীরা।

সোমবার (২৬ মে) দুপুরে বাগেরহাট পৌরসভার সচিব আব্দুল্লাহ আল মাসুমের কাছে এই স্মারকলিপি জমাদেন শিক্ষার্থীরা।

এ সময় বাগেরহাট সরকারি বালক বিদ্যালয়ের প্রাক্তন ও বর্তমান শিক্ষার্থী শেখ আল মামুন, ওয়ালিদ হোসেন, শামিম মুন্সি, রোহিত হালদার, নাহিদ ইসলাম, রিজভী শেখ, ইমন শেখ, জুনায়েদ ইসলাম সহ শতাধিক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

বিদ্যালয়ের শিক্ষার্থী ও এলাকাবাসীর অভিযোগ, প্রতিনিয়ত ময়লার স্তূপ থেকে ছড়িয়ে পড়া দুর্গন্ধ পরিবেশকে দূষিত করছে।এর ফলে বাড়ছে রোগ-জীবাণু ও মশার উপদ্রব।পথচারী ও প্রতিবেশীদের দিন শেষে চরম ভোগান্তি পোহাতে হচ্ছে কিন্তু এই ভোগান্তি নিরসনে পৌর কর্তৃপক্ষের কোন উদ্যোগ দেখি না।তাই আমরা বাধ্য হয়ে তারা এই স্মারকলিপি দিয়েছেন।

বাগেরহাট সরকারি বালক উচ্চ বিদ্যালয় দশম শ্রেণি ছাত্র  জাহিদ শেখ  বলেন, দুর্গন্ধের

কারণে আমাদের শ্বাস নিতেও কষ্ট হয়।ক্লাসে মনোযোগ দিতে পারি না।মশা তো আছেই, তার উপর মাছি ভন ভন করে।আমাদের বন্ধুরা প্রায়ই অসুস্থ হয়ে পড়ছে।আমাদের সুস্থ পরিবেশে পড়াশোনা করার অধিকার আছে।

বাগেরহাট সরকারি বালক উচ্চ বিদ্যালয় প্রাক্তন ছাত্র ও জেলা ছাত্র দলের ছাত্র নেতা শেখ আল মামুন, ময়লার কারণে আমাদের ছোট ভাইদের ক্লাস করতে কষ্ট হচ্ছে। দুর্গন্ধের কারণে ক্লাসে মনোযোগ দেওয়া কঠিন।আমরা চাই পৌরসভা দ্রুত এই সমস্যার সমাধান করুক এবং আমাদের ভবিষ্যৎ প্রজন্মের স্বাস্থ্য সুরক্ষিত রাখুক।

বাগেরহাট পৌরসার নির্বাহী কর্মকর্তা আব্দুল্লাহ আল মাসুম বলেন, ওটা মূলত প্রাথমিক ডাম্পিং স্টেশন।নতুন একটি প্রাথমিক ডাম্পিং স্টেশন তৈরি হচ্ছে।তিন মাসের মধ্যে স্বয়ংক্রিয়ভাবে নতুন ডাম্পিং স্টেশনে ময়লা ফেলা হবে।তবে আপপত সাময়িক সময়ের জন্য নতুন কোথাও ফেলা যায় কিনা, সে বিষয়ে আমরা ব্যবস্থা গ্রহনের চেষ্টা করছি।

ময়লার স্তূপ শিক্ষার্থী স্মারকলিপি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:43

URL: https://www.timestodaybd.com/khulna/7758072981